

Opening Statement by the External Affairs Minister, Dr. S. Jaishankar at the Joint Press Conference with the Foreign Minister of Australia

October 10, 2022

অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রীর সাথে যৌথ প্রেস কনফারেন্সে পররাষ্ট্র
বিষয়ক মন্ত্রী ডঃ এস. জয়শংকরের উদ্বোধনী ভাষণ
অক্টোবর 10. 2022

শুরু করার আগে আপনাদের অসংখ্য ধন্যবাদ জানাই। সর্বপ্রথমে একটি খুব সুন্দর
অভ্যর্থনার জন্য আপনাদের সকলকে সত্যি সত্যিই অসংখ্য ধন্যবাদ জানাই কারণ
আমি যখন গতকাল ক্যানবেরা আসি, দেখতে পাই যে আপনাদের পুরনো পার্লামেন্ট
ভবনটি আমাদের জাতীয় ত্রিঙ্গা রঙ্গে আলোকিত হয়ে উঠেছে আর আপনারা
জানেন যে এই রকমের একটি সাড়া জাগানো মনোভাব বহিঃপ্রকাশের ভঙ্গিমা
থেকে আর কোনও কিছু এতখানি হৃদয়স্পর্শী হতে পারেনা। এটা শুধু একটিমাত্র
ক্ষেত্রে হয়েছে তাই নয়, যেহেতু আমরা আমাদের স্বাধীনতার 75 বছর পূর্তি উৎসব
পালন করছি, সেক্ষেত্রে বাস্তবিকভাবে আমি দেখেছি যে সারা অস্ট্রেলিয়া জুড়ে
বিভিন্ন দ্রষ্টব্য স্থানে আপনারা আমাদের সাথে এই উৎসব উদযাপন করছেন।
সিডনি অপেরা হাউসকে আমাদের জাতীয় রঙ্গে রঙ্গিন হতে দেখে আমি অভিভূত
হয়ে পড়েছি। আমি মনে করি উষ্ণ অনুভূতিকে প্রকাশ করার জন্য এটি একটি
সুন্দর ভঙ্গিমা, আমি এর প্রশংসা করি।

যেমনটি মন্ত্রী ওয়াং বলেছেন, আজ সত্যি সত্যিই সেভাবে খুব উপযোগী, খুবই
ফলপ্রদ, খুবই আরামদায়ক আলোচনা হয়েছে এবং এটা ঠিক যে আমাদের মধ্যে
খুব ঘন ঘন বৈঠক হয়েছে। আমি বলতে চাইছি যে আক্ষরিকভাবে আপনি যেদিন
থেকে দায়িত্বভার গ্রহণ করেছেন সেই প্রথম দিন থেকেই আপনার সাথে আমার
সাক্ষাৎ হয়েছে সেটা ছিল টোকিওতে কোয়াড বৈঠকে। তারপর থেকে বালি জি20;
নম পেন-এ পূর্ব এশিয়া বিদেশমন্ত্রীদের বৈঠকে; নিউ ইয়র্কে আমাদের সাক্ষাৎ হয়েছে
দ্বিপাক্ষিকের পাশাপাশি ত্রিপাক্ষিক উভয় বৈঠকে। যেহেতু আমরা বাস্তবিকভাবে
আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করার জন্য কাজ করে যাচ্ছি এবং দেখি
কিভাবে একটি উন্নততর আঞ্চল আমরা গঠন করতে পারি তাই আমাদের মধ্যে
ক্রমাগত আলোচনা এবং আদানপ্রদান একটি অভ্যাসে পরিণত হয়েছে।

তাই আজকের বৈঠক যাকে আমরা বিদেশমন্ত্রীদের পরিকাঠামো সংলাপ বলছি,
আমার মনে হয় এই পর্যায়ের এটি 13তম বৈঠক, আর আপনারা জানেন যে
অনেকগুলি বিষয় নিয়ে সামগ্রিক একটি আলোচনা হয়েছে, যার মধ্যে রয়েছে

বাণিজ্য ও অর্থনীতি, শিক্ষা, প্রতিরক্ষা ও সুরক্ষা , ক্লীন এনার্জি। এবং আমরা যে সকল চুক্তি ও সমঝোতায় পৌঁছিয়েছি তার মধ্যে অনেকগুলি সত্যি সত্যি ছিল একে অপরের দেশে কূটনৈতিক পদচিহ্নকে সম্প্রসারিত করার ক্ষেত্রে পারস্পরিক স্বার্থের সাথে জড়িত। সুতরাং আমরা অবশ্যই অস্ট্রেলিয়াকে ভারতে স্বাগত জানাব এবং কোন এক সময়ে অস্ট্রেলিয়াতেও একই কাজ করার অপেক্ষায় থাকব। কয়েকটি বিষয় ছিল, যেগুলিকে আমরা বৃহত্তর সম্ভাবনার পরিপ্রেক্ষিতে দেখে থাকি বলে আমার মনে হয়; আমি বলতে চাই আমাদের দ্বিপাক্ষিক অংশীদারিত্বের গুণগতমান নিয়ে। এগুলির মধ্যে একটি প্রস্তাব আলোচনাধীন রয়েছে তা হল সচলতার উপরে বোঝাপড়া, প্রতিভা ও দক্ষতার সচলতা, কিভাবে আমরা শিক্ষার বিকাশ ঘটাতে পারি এবং বিশেষত ভারতের নতুন জাতীয় শিক্ষানীতিকে মাথায় রেখে আমরা কি করতে পারি। আমরা অবশ্যই অস্ট্রেলিয়ার দিকে তাকাতে চাই, যেটি শিক্ষা ক্ষেত্রে ভারতের অন্যতম মুখ্য অংশীদার, ভারতেও তাদের আরও শক্তিশালী উপস্থিতি রয়েছে এবং এর একটি বিশেষত্ব রয়েছে যেটি আমাদের প্রধানমন্ত্রী টোকিওতে তাদের সাক্ষাতের সময় আলোচনাও করেছিলেন।

আমরা এটা দেখে খুব উৎসাহিত বোধ করছি যে, এই বছরের গোড়ার দিকে যে অর্থনৈতিক সহযোগিতা এবং বাণিজ্য চুক্তি চূড়ান্ত হয়েছিল সেটি অনুমোদনের দিকে অগ্রসর হচ্ছে এবং কার্যকর হবার লক্ষ্যে অগ্রসর হচ্ছে। এটি খুব ভালো উন্নতি। আমরা এটাও লক্ষ্য করেছি যে দ্বৈত কর এড়ানোর চুক্তি সংস্কার করার জন্য পদক্ষেপগুলি নেওয়া হয়েছে , কেননা ব্যবসার বৃদ্ধির ক্ষেত্রে এটি একটি অন্তরায়ও বটে। এবং আমরা সত্যি সত্যিই খনিজ, সাইবার, নব ও পুনর্নবীকরণ শক্তির মত জটিল ক্ষেত্রগুলির উপরে দৃষ্টি দিয়েছি এবং দেখছি। সেই অর্থে গত কয়েকমাস ধরে আমার সহকর্মীরা অনেকগুলি বিষয়কে একত্রিত করেছে এবং এগুলি যখন আমরা করেছি আমার মনে হয় এটি প্রকাশিত হয়েছে যে, বাস্তবিকভাবে এই বছরের জুন মাস থেকে আমার মন্ত্রীসভার সহকর্মীরা অস্ট্রেলিয়া সফর করেছেন; তাদের মধ্যে রয়েছেন, কয়লা ও খনিজ, পুনর্নবীকরণ শক্তি, শিক্ষা, আমাদের জল সম্পদ, গৃহ মন্ত্রীরা। আমরা এটাও দেখেছি যে, অস্ট্রেলিয়ার উপ প্রধানমন্ত্রীর পাশাপাশি পশ্চিম অস্ট্রেলিয়ার ডেপুটি প্রিমিয়ার এবং দক্ষিণ ওয়েলসের প্রিমিয়ারও বাণিজ্য প্রতিনিধিদের সাথে ভারত সফর করেছেন।

সুতরাং , সামগ্রিকভাবে বাস্তবিক যা মনোভাব , আপনারা জানেন যে সেটা হল সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আপনারা জানেন যে, আমরা এখন এটিকে আরও উচ্চস্তরে নিয়ে যাবার উপায়ের দিকে তাকিয়ে রয়েছি। আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে আমাদের মধ্যে একটি সুন্দর আলোচনা হয়েছে। আমরা এখনও এটা শেষ করিনি। আমার মনে হয় মধ্যাহ্ন ভোজনের সময় আরও কিছু আলোচনা হতে চলেছে কিন্তু

আমরা ইউক্রেন দ্বন্দ্ব এবং এর প্রতিক্রিয়া, ইন্দো-প্যাসিফিক যা আপনারা জানেন কোয়াদের অগ্রগতি নিয়ে, জি20 বিষয় সমূহ, আমাদের ত্রিপাক্ষিকগুলি, রাষ্ট্রসঙ্ঘ, আইএইএ-র কিছু বিষয়, জলবায়ু আর্থিক সংস্থান, স্থিতিশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা নিয়ে আলোচনা করেছি। সুতরাং আপনারা দেখতে পাচ্ছেন যে, এটি একটি সুন্দর এবং বিস্তারিত আলোচনা হয়েছে। আমার মনে হয় আপনারা জানেন যে এর মূল ভিত্তি হল উদার গণতন্ত্র হিসেবে আমরা উভয়েই একটি নিয়মতান্ত্রিক, আন্তর্জাতিক ব্যবস্থায় , সকলের জন্য আন্তর্জাতিক জলপথে নৈচলাচলে, সংযোগে প্রবৃদ্ধি, উন্নতি ও নিরাপত্তা এবং দেশগুলি তাদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে সার্বভৌম পছন্দগুলিকে নিশ্চিত করার জন্য স্বাধীনতায় বিশ্বাস করি, যা মন্ত্রী ওয়াং বলেছেন।

মধ্যাহ্ন ভোজের পরে, আশা করছি আমরা আরও কিছু বিষয় নিয়ে আলোচনা করব। আমি ওনার সাথে ভারতীয় উপমহাদেশের পরিপ্রেক্ষিত নিয়ে আলোচনা করতে চাই, বিশেষ করে সন্ত্রাসবাদ এবং সন্ত্রাসবাদ প্রতিরোধ সম্পর্কিত কিছু বিষয় নিয়ে আমি আলোচনা করতে চাই। আমি এই অঞ্চলের বিষয়ে ওনার কাছ থেকে কিছু শোনার জন্য উন্মুখ হয়ে আছি। আমি এই বলে শেষ করতে চাই যে, এই বছরের শেষ দিকে আমরা জি20-র সভাপতিত্ব পেতে চলেছি এবং জি20-র একটি সদস্য দেশ হিসেবে আমার মনে হয় অষ্ট্রেলিয়ার দৃষ্টিভঙ্গি ও আগ্রহ আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। আগামী কয়েক মাসের মধ্যে সেগুলিকে আরও নিবিড়ভাবে শেষ করার আশা রাখি। এবং পরিশেষে, আমার সাথে থাকার জন্য, আপনারা আতিথেয়তার জন্য এবং আপনারা উষ্ণ অভ্যর্থনার জন্য আবারও আপনারা সত্যি সত্যিই ধন্যবাদ জানাই।

ক্যানবেরা

অক্টোবর 10, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.